

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
দেবিদ্বার, কুমিল্লা
www.youth.debidwar.cumilla.gov.bd

স্মারক নং- ৩৪.০১.১৯৪০.০০০.৪৮.২১২.১৯- ৪১১

তারিখঃ ০৭/০৯/২০২৫খ্রিঃ

অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা পর্যায়ে ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী বেকার যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃষ্ণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, দেবিদ্বার, কুমিল্লা কর্তৃক স্থানীয় চাহিদার ভিত্তিতে বিভিন্ন বিষয়ে(যেমনঃ পারিবারিক হাঁস মুরগী পালন, ব্রয়লার ও ট্রকরেল পালন, ছাগল পালন, গরু মোটাজাকরন, কবুতর পালন, মংস চাষ, সবজি চাষ, নার্সারি, ফুল ও ফলের চাষ, পোষাক তৈরী, ব্লক, বাটিক, প্রিন্টিং, নকশী কাঁথা ইত্যাদি) ১৪টি ব্যাচে (প্রতি ব্যাচে ৩০ জন) সাত (০৭) দিন মেয়াদী অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে।

প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী অত্র উপজেলার যুবক ও যুবনারীদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।


শর্তাবলীঃ

- ০১। একই বিষয়ে ৩০(ত্রিশ) জন পূর্ণ হওয়া সাপেক্ষে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণের তারিখ ও স্থান পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।
- ০২। প্রশিক্ষণার্থীদের বয়স ১৮ হতে ৩৫ বছর হতে হবে।
- ০৩। প্রশিক্ষণার্থীদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা পঞ্চম শ্রেণী উন্নীত হতে হবে।
- ০৪। দেবিদ্বার উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০৫। নিবন্ধিত যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুব নারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেওয়া হবে।
- ০৬। প্রশিক্ষণার্থীদের বেকার যুব পুরুষ ও যুব নারী হতে হবে এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন তথা আত্মকর্মী হওয়ার জন্য দৃঢ় প্রত্যয়ী হতে হবে।
- ০৭। আবেদনপত্রের সাথে এক কপি পাসপোর্ট এবং এক কপি স্ট্যাম্প সাইজের সত্যায়িত ছবি, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি, মোবাইল নম্বর উল্লেখসহ প্রশিক্ষণ সংক্রান্ত অভিজ্ঞতা (যদি থাকে) সনদ সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ০৮। ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীকে সার্বক্ষনিক সক্রিয় মোবাইল নম্বর দিতে হবে।
- ০৯। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা মেনে যথাসময়ে উপস্থিত থাকতে হবে।

বিঃদ্রঃ

- প্রশিক্ষণ গ্রহণকারীদের অধিদপ্তর কর্তৃক নির্ধারিত দৈনিক ১০০ (এক শত) টাকা হারে ৬ কর্মদিবসের জন্য ৬০০ (ছয় শত) টাকা যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সার্টিফিকেট প্রদান করা হবে।
- ইতিপূর্বে যুব উন্নয়ন অধিদপ্তরের যেকোন অফিস হতে কোনো ঢ্ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে তিনি এই প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

- আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন অফিস, দেবিদ্বার, কুমিল্লা তে পাওয়া যাবে।
- প্রশিক্ষণ কার্যক্রম শুষ্ঠভাবে পরিচালনার সার্থে যেকোন প্রকার সংযোজন বা বিয়োজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


০৭.০৭.২৫


মোঃ হাব্বুনুর রশীদ
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
দেবিদ্বার, কুমিল্লা
মোবাইল-০১৬৮০-৫২২৭৪৪

স্মারক নং- ৩৪.০১.১৯৪০.০০০.৪৮.২১২.১৯- ৪১১

তারিখঃ ০৭/০৯/২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, দেবিদ্বার, কুমিল্লা।
- ০২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।
- ০৩। প্রশাসক, দেবিদ্বার পৌরসভা, দেবিদ্বার, কুমিল্লা।
- ০৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), দেবিদ্বার, কুমিল্লা।
- ০৫। অফিস কপি


০৭.০৭.২৫

মোঃ হাব্বুনুর রশীদ
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
দেবিদ্বার, কুমিল্লা